প্রশিক্ষণের শিক্ষা　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　সুশাসনের দীক্ষা

**জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)**
পরিকল্পনা মন্ত্রণালয়
**৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫।**
**www.napd.ac.bd**

নং- ২০.০৭.০০০০.০০৬.০২.২৮৮.১৫- ৭৫৩　　　　　　　　　　　　তারিখ: ০৮ অক্টোবর, ২০১৫

বিষয়: Post Graduate Diploma in ICT (PGDICT) towards Development শীর্ষক ০১ (এক) বছর মেয়াদী প্রশিক্ষণ কোর্সের মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে আগামী জানুয়ারী থেকে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত **"Post Graduate Diploma in ICT towards Development"** শীর্ষক ০১ (এক) বছর মেয়াদী প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে। কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে উপস্থাপিত হলো:

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রশিক্ষণার্থীর পর্যায় | : | সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত এবং বেসরকারী প্রতিষ্ঠান সমূহের ১ম শ্রেণীর/সমমর্যাদার কর্মকর্তাবৃন্দ। |
| (২) | শিক্ষাগত যোগ্যতা | : | বিএ/ স্নাতক /সমমান। |
| (৩) | পাঠ্যক্রমের মেয়াদ | : | ০১ বছর, সপ্তাহে ০৩ দিন (রবি, মঙ্গল, বুধবার) (প্রয়োজন অনুযায়ী সপ্তাহে ০৪ দিন হতে পারে) |
| (৪) | ক্লাশের সময়সূচি | : | বিকাল ০৬:০০ - ০৮:৩০ (পরিবর্তনশীল) |
| (৫) | পাঠ্যক্রম ফি | : | ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার টাকা) কোর্স ফি **মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি),** বরাবরে নগদ অথবা চেক এর মাধ্যমে প্রদেয় (যা ০১ কিস্তি অথবা ০২ কিস্তিতে পরিশোধ যোগ্য। ২ কিস্তিতে পরিশোধের ক্ষেত্রে ১ম কিস্তি-৩০,০০০.০০ কোর্স শুরুর সময় এবং ৬ষ্ঠ মডিউল শুরুর পূর্বে ২য় কিস্তি-২০,০০০.০০ টাকা)। কোর্স ফি পরিশোধ সাপেক্ষে কোর্সে অংশ গ্রহনের সুযোগ থাকবে। |
| (৬) | পাঠ্যক্রমের উদ্দেশ্য | : | অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের তথ্য প্রযুক্তি সম্পর্কে সম্যক ধারণা দেয়ার লক্ষ্যে ই-গভার্নেন্স, আইসিটি টুলস, হার্ডওয়ার, সফটওয়ার, ডাটাবেজ, নেটওয়ার্কিং এবং ওয়েব এ্যাপ্লিকেশনসহ সর্বাধুনিক আইসিটি প্রযুক্তি সম্পর্কে সার্বিক জ্ঞান প্রদান। |
| (৭) | পাঠ্যসূচী | : | Module –1: Computer System<br>Module –2: Programming Language<br>Module –3: System Analysis and Design<br>Module –4: Database Application Design<br>Module –5: Web Application and Information Security<br>Module –6: Networking and Data Communication<br>Module –7: Software Engineering and Quality Management<br>Module –8: e-Governance and e-Commerce<br>Module -9: Multimedia Application Design<br>Module -10: Projects and Case Studies |

P.T.O.

| | | | |
|---|---|---|---|
| (৮) | প্রশিক্ষণার্থীর সংখ্যা | : | ৩০ জন। |
| (৯) | মনোনয়নের শেষ তারিখ | : | ২৮ ডিসেম্বর, ২০১৫। |
| (১০) | মনোনয়ন প্রেরণ | : | কোর্স পরিচালকের নিকট সরাসরি মনোনয়ন প্রেরণ করা যাবে। অগ্রিম Registration এর জন্য একাডেমির ওয়েবসাইট **www.napd.ac.bd**-এ Registration form পূরণ করা যাবে। |
| (১১) | পাঠ্যক্রমে যোগদান | : | মনোনীত কর্মকর্তাদের আগামী ০১ জানুয়ারি, ২০১৬ তারিখে বিকাল ০৫:০০ টায় কোর্স পরিচালক অথবা কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষণ কর্মকর্তা জনাব মোহাম্মদ জিয়াউর রহমান-এর নিকট রিপোর্ট করতে হবে। |
| (১২) | কোর্সের সুবিধাদি | : | ✓ প্রত্যেক প্রশিক্ষনার্থীর জন্য একটি করে কম্পিউটার ব্যবহারের সুযোগ থাকবে।<br>✓ শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী কক্ষ<br>✓ মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন সিস্টেম |

২। উপর্যুক্ত পাঠ্যক্রমে আপনার মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এই বিষয়ে কোন তথ্য জানার প্রয়োজন হলে **নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষণ কর্মকর্তা জনাব মোহাম্মদ জিয়াউর রহমান**-এর সাথে (মোবাইল ০১৭১৭-১৬০৪০৮) যোগাযোগ করা যেতে পারে। এনএপিডি'র ওয়েবসাইটেও কোর্সের তথ্য পাওয়া যাবে। মনোনয়নপত্রে মনোনীত কর্মকর্তাদের নাম, পদবী এবং কর্মস্থলের ঠিকানা (টেলিফোন, ই-মেইল, ফ্যাক্স নম্বর) উল্লেখ করতে হবে যাতে প্রয়োজনে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগ করা যেতে পারে।

০৭/১০/২০১৫

প্রকৌঃ মোঃ আব্দুর রশীদ
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও কোর্স পরিচালক
ফোন: ৯৬৬৫৩৫১
ফ্যাক্স: ৫৮৬১৫৬৯৫
ই-মেইল: diradmin@napd.ac.bd

প্রাপক,
সচিব
তথ্য মন্ত্রণালয়

তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা

নং- ১৫.০০.০০০০.০১৮.২৫.০০৪.১৪.৪৬৮

তারিখ: ২৬/১০/২০১৫

উপর্যুক্ত বিষয়ে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনেচ্ছুক কর্মকর্তাগণ (প্রশিক্ষণ ব্যয় স্ব-স্ব দপ্তর/সংস্থা নির্বাহ সাপেক্ষে) আগামী ১৫-১১-২০১৫ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনের ওপর কোন কার্যক্রম গ্রহণ করা হবে না।

নি. নাজনীন
(নিলুফার নাজনীন) ২৮/১০/১৫
উপ-সচিব
ফোন- ৯৫৬৭১০১।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রণালয়ের ১ম শ্রেণির কর্মকর্তা (সকল)/ সচিব, তথ্য কমিশন/ প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর/ মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ গণযোগাযোগ অধিদপ্তর/ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/বাংলাদেশ ফিল্ম আর্কাইভ/বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট/ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন/বাংলাদেশ সংবাদ সংস্থা/ভাইস-চেয়ারম্যান, সেন্সর বোর্ড, প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট।
২. সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়; ঢাকা (ওয়েবসাইডে বিজ্ঞপ্তি দেয়ার অনুরোধসহ)